আহ্, আহ্, হুবহু সুদ, হুবহু সুদ, এরূপ কর না, তবে যদি তুমি কিনতে চাও, তাহলে (তোমার) খেজুরকে অন্য বস্তুর বিনিময়ে বিক্রি কর, অতঃপর তার মূল্য দিয়ে এই খেজুর খরিদ কর।

আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, বেলাল বারনী খেজুর নিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট আসলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি
ওয়াসাল্লাম তাকে বললেন, “এগুলো তুমি কোথায় পেয়েছ? বেলাল বলল, আমাদের নিকট খারাপ
খেজুর ছিল, তার দুই সা-এর বিনিময়ে এক সা কিনে নিয়ে এসেছি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে খাওয়াবো বলে। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন,
“আহ্, আহ্, হুবহু সুদ, হুবহু সুদ, এরূপ কর না। তবে যদি তুমি কিনতে চাও, তাহলে (তোমার) খেজুরকে অন্য বস্তুর বিনিময়ে বিক্রি কর, অতঃপর তার মূল্য দিয়ে এই খেজুর খরিদ কর।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

বেলাল বারনী উন্নত খেজুর নিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট আসলেন। উন্নত জাতের খেজুর দেখে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আশ্চর্য হলেন এবং বললেন: এগুলো কোত্থেকে? বেলাল বললেন, আমাদের নিকট খেজুর ছিল, ফলে নিম্নমানের দুই সা খেজুর দিয়ে ভালো জাতের এক সা এই খেজুর ক্রয় করেছি, যেন তা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের খাবার হয়। বিষয়টি নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের নিকট কঠিন ঠেকল এবং তিনি আহ্ শব্দ উচ্চারণ করলেন। কারণ, পাপই তার নিকট সবচেয়ে বড় মুসীবত ছিল। তিনি বললেন, তোমার এই কাজটিই হুবহু সুদ, অতএব এরূপ কর না। তবে যদি তুমি নিম্নমানেরটি পরিবর্তন করতে চাও, তাহলে খারাপটিকে মুদ্রার বিনিময়ে বিক্রি কর, অতঃপর মুদ্রা দিয়ে ভালো খেজুর খরিদ কর। এই বৈধ পদ্ধতিটি তুমি গ্রহণ কর, যেন হারামে পড়তে না হয়। “তাইসীরুল আল্লাম শারহু উমদাতুল আহকাম (পৃ. ৫৬৮)”

http://sunnah.global/hadeeth/bn/show/6033